দৈনিক সংবাদ

তারিখ ... 12 JUL 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

166

261

## শিক্ষাঙ্গন পরিস্থিতি

# আজ সকল রাজনৈতিক দলের প্রতিনিধিদের মহাসম্মেলন

বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষাঙ্গনের বর্তমান পরিস্থিতি সম্পর্কে আলোচনার উদ্দেশ্যে আজ শুক্রবার বিকেলে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দেশের সকল রাজনৈতিক দলের প্রতিনিধিদের এক মহাসম্মেলন আহ্বান করা হয়েছে। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ রক্ষার উপায় খুঁজে বের করার লক্ষ্যে আহূত এই সম্মেলনে একশ'রও বেশী রাজনৈতিক দলের প্রতিনিধি অংশগ্রহণ করবেন বলে আশা করা হচ্ছে। খবর বাসস'র।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া

শিক্ষাঙ্গন : পৃঃ ৮ কঃ ৫

**শিক্ষাঙ্গন : আজ মহাসম্মেলন**

( ১ম পাতার পর )

সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ রক্ষায় পদক্ষেপ গ্রহণে একটি ঐক্যে পৌছানোর প্রচেষ্টা হিসেবে এই বৈঠক আহ্বান করেছেন।

অন্যান্য বিষয় ছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অসদুপায় অবলম্বন, গোলযোগ, সেশনজট, বহিরাগতদের প্রবেশ এবং শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতি ও অসদুপায় অবলম্বন সম্পর্কে সম্মেলনে আলোচনা করা হবে বলে মনে করা হচ্ছে।

নিজস্ব বার্তা পরিবেশক জানান, আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা ও বিরোধীদলের চীফ হুইপ মোহাম্মদ নাসিম গতরাতে জানিয়েছেন, আওয়ামী লীগের পক্ষে দলের সাধারণ সম্পাদিকা বেগম সাজেদা চৌধুরী সম্মেলনে যোগ দেবেন। দলের সভানেত্রী এবং বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা সম্ভবত সম্মেলনে যোগ দেবেন না।